

যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩১৭

১/ বিবিধ

আরবী

أَتَانِي جَبْرِيلُ عَلَيْهِ السَّلَامُ لِثَلَاثٍ بَقِينَ مِنْ ذِي الْقَعْدَةِ فَقَالَ: دَخَلْتُ الْعُمْرَةَ إِلَى الْحَجَّ
إِلَى يَوْمِ الْقِيَامَةِ، فَعِنْدَ ذَلِكَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَوْ أَسْتَقْبَلْتُ مِنْ
أَمْرِي مَا أَسْتَدْبَرْتُ لَمْ أَسْقِ الْهَدَى
ضَعِيفٌ جَدًا

رواه المخلص في "الفوائد المنتقاة" (4/168) : حدثنا أَحْمَدُ (يعني ابن عبد الله بن سيف): حدثنا يُونسُ بْنُ عَبْدِ الْأَعْلَى: حدثنا عَلَى بْنُ مَعْبُودٍ: حدثنا عَبْدُ اللَّهِ بْنُ عَمْرُو
عَنْ عَمْرُو بْنِ عَبِيدٍ عَنْ أَبِي جَمْرَةَ عَنْ أَبْنَ عَبَّاسٍ مَرْفُوعًا
وأخرجه الطبراني في "المعجم الكبير" (3/184) من طريق عبيد وهو المعتزلي
قال ابن حبان: "كان يكذب في الحديث وهما لا تعمدا
وفي "التقريب": "اتهمه جماعة، مع أنه كان عابدا
ويبدو أن المناوي لم يقف على علة الحديث، ولذلك لم يزد على قوله: "رمز المؤلف
لحسنـه" ! ثم قلده في ذلك فقال في "التيسيـر": "وهو حسنـ
ومن أجل ذلك خرجته، ولما فيه من التأريـخ
وأما الشطر الثاني من الحديث فصحيح ثابت من حديث جابر الطويل في "مسلم"
وغيره، ومن حديث ابن عباس، وهما مخرجـان في "الإرواء" (4/152 و 201 - 203)

১৩১৭। জিলহাজ্জ মাসের তিনদিন বাকী থাকা অবস্থায় আমার নিকট জিবরীল (আঃ) এসে বললেনঃ কিয়ামত দিবস পর্যন্ত উমরাহ হাজ্জের মধ্যে প্রবেশ করেছে। সে সময় রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমি পরে যা জানতে পেরেছি সে ব্যাপারে যদি পূর্বে জানতে পারতাম তাহলে আমি হাজ্জের পশ্চ হাদী নিয়ে আসতাম না।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটি আল-মুখলেস "আল-ফাওয়াইদুল মুনতাকাত" গ্রন্থে (৪/১৬৮/২) আহমাদ ইবনু আবদিল্লাহ ইবনে সাইফ হতে, তিনি ইউনুস ইবনু আব্দিল আলা হতে, তিনি আলী ইবনু মাবাদ হতে, তিনি ওবায়দুল্লাহ ইবনু আমর হতে, তিনি আমর ইবনু ওবায়েদ হতে, তিনি জামারাহ হতে, তিনি ইবনু আকবাস (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন। আর ইমাম ত্ববারানী "আলমুজামুল কাবীর" গ্রন্থে (৩/১৮৪/১) ওবায়েদ ইবনু জুনাদ সূত্রে ওবায়দুল্লাহ ইবনু আমর হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। আমর ইবনু ওবায়েদ হচ্ছেন মু'তাফিলী। ইবনু হিবান তার সম্পর্কে বলেনঃ তিনি হাদীসের ব্যাপারে সন্দেহবশত মিথ্যা বলতেন, ইচ্ছাকৃত বলতেন না।

"আত-তাকরীব" গ্রন্থে এসেছেঃ তাকে একদল (মুহাদ্দিস) মিথ্যা বর্ণনা করার দোষে দোষী সাব্যস্ত করেছেন। যদিও তিনি একজন আবেদ ছিলেন।

মানবী হাদীসটির সমস্যা সম্পর্কে অবগত না হওয়ায় ইমাম সুযুটী কর্তৃক হাসান হিসেবে হাদীসটিকে চিহ্নিত করার অনুসরণ করে তিনি "আত-তায়সীর" গ্রন্থে বলেনঃ হাদীসটি হাসান।

আর এ কারণেই আমি হাদীসটির সনদ সম্পর্কে এখানে আলোচনা করেছি।

তবে হাদীসটির দাগ দেয়া শেষাংশটি সহীহ ঘোটিকে ইমাম মুসলিম প্রমুখ মুহাদ্দিসগণ বর্ণনা করেছেন।

হাদীসের মান: যন্ত্রে (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72196>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন